## ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট)
শিক্ষাবর্ষ : ২০১৩-২০১৪

## General English

(Answer each question by choosing the best option.)

***Answer questions 1-5 based on the following passage.***

Academically, Asian students are out performing their American counterparts on all levels. However, as adults, we are finding ourselves falling short in the area of creativity and the ability to influence others, and the successful people are those who can know how to influence others. This is an area that is emphasized in a Western upbringing. In the West, children are taught to question authority by asking why. Something which is not encouraged in Asian culture. At the same time, I think the Western emphasis on creativity may have gone too far. On the other hand, in Asia. There is too much emphasis on memorization and drilling find that my Asian students in law school have trouble coming up with creative ideas. Ideally, we should take the best from both worlds.

**1. The aim of the writer is to persuade the reader that-**

A. the most effective upbringing is the Asian way.
B. the Western way of upbringing is superior to the Asian ways.
C. Western children are brighter than Asian Children.
D. both ways of upbringing have advantages and disadvantages.

ব্যাখ্যা: সম্পূর্ণ Passage টিতে Asian এবং Western upbringing এবং Culture এর প্রসঙ্গ তুলে মূলত Asian এবং Western children দের creativity, ability এবং brightness নিয়ে আলোচনা করা হয়েছে। শেষ দিকে Writer বলেছেন উভয় দিক থেকে আমাদের ভাল গুনগুলো নিতে হবে।
**Ans : D.**

**2. To explain the relationship between upbringing and student performance the writer has**

A. provided a dictionary meaning of upbringing.
B. given statistics of student performance.
C. compared and contrasted students of two different cultures.
D. used logic to reach a conclusion.

ব্যাখ্যা: Writer passage এ Asian এবং Western upbring এবং Student দের Performance ব্যাখা করতে উভয়ের Culture এর মধ্যে সাদৃশ্য ও বৈসাদৃশ্য তুলে ধরেছেন।
**Ans : C.**

**3. The word 'outperform' means __________.**

A. to surpass B. to produce
C. to achieve D. to fall short

ব্যাখ্যা: Outperform - Verb - ছাড়িয়ে যাওয়া
**Synonym :** Surpass, Exceed, Outstrip, Eclipse, Surmount, Transcend, Transgress, Overstep.
**Ans : A.**

**4. Which is a criticism of Western upbringing made by the writer?**

A. There is not enough respect for authority.
B. There is not enough memorization.
C. There s too much stress on creativity.
D. There is a shortfall of discipline.

ব্যাখ্যা: Passage এ বলা হয়েছে - "I think the western emphasis on creativity may have gone too far" অর্থাৎ western upbringing এ creativity এর উপর অত্যাধিক emphasis করা হয়।
**Ans : C.**

**5. The phrase 'on the other hand' is used to signal that the writer will**

A. present the opposite point of view
B. conclude the text
C. give an example
D. eleborate the previous point

ব্যাখ্যা: On the otherhand দ্বারা পূর্ববর্তী কোন বিষয়ের সাথে contrast বা বিপরীত অর্থ প্রকাশ করা হয়।
**Ans : A.**

**6. The woman was ______ someone might recognize her.**

A. afraid so B. afraid about
C. afraid that D. afraid with

ব্যাখ্যা: মহিলাটি ভীত সন্ত্রস্ত ছিল যে কেউ তাকে চিনে ফেলতে পারে। Sentence বা এর মাঝে "যে" কথাটি বোঝানোর জন্য Relative Pronoun হিসেবে that ব্যবহার করা হয়।
Example - The man think that he can do it - লোকটি চিন্তা করল যে সে এটা করতে পারে।
**Ans : C.** Completing Sentence

**7. ______ respect your point of view, I cannot agree.**

A. Much as I B. As much I
C. I also D. so much as I

ব্যাখ্যা: Much as - Even though; although/যদিও।
বাক্যটির অর্থ হচ্ছে- 'যদিও আমি তোমার দৃষ্টিভঙ্গিকে শ্রদ্ধা করি, আমি রাজী হতে পারছি না।'
**Ans : A.** Completing Sentence

**8. Choose the mis- matched pair.**

A. immune, protected
B. nervous, disturbed
C. neurotic, stable
D. net, mesh

Correction

ব্যাখ্যা: Immune - নিরাপদ Protected - সংরক্ষিত, নিরাপদ
Nervous - অস্থির Disturbed - বিশৃঙ্খল
Net - জাল Mesh - জাল
Stable - দৃঢ় Neurotic - অস্বাভাবিক
শুধুমাত্র Option (C) ছাড়া বাকী সবগুলোর জোড়া word এর একটি আরেকটি অর্থ প্রায় Synonymous.
**Ans : C.**

**9. She went______ the big gate ______ the prison ______ the road.**

A. through, of, onto B. into, by, to
C. across, inside, over D. by, to, on

Basic Preposition

ব্যাখ্যা: কোন কিছুর মধ্য দিয়ে যেতে বুঝাতে Through বসে। আবার কোন কিছুর উপর দিয়ে চলামান বুঝাতে onto বসে।
**Ans : A.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**10. From "I Wandered Lonely As a Cloud" we can infer that the poet saw-**
A. ten thousand daffodils.
B. a large number of daffodils.
C. the milky way and daffodils
D. a host of yellow daffodils

ব্যাখ্যা: I Wandered Lonely As A Cloud কবিতাটিতে বলা আছে-
They Stretched in never ending line
Along the margin of a bay
Ten thousand saw I at a glance.
কবিতায় কবি Ten thousand দেখেছেন বললেও একত্রে অসংখ্য daffodils দেখেছেন বুঝাতে Ten thousand saw I at a glance ব্যবহার করেছেন।
**Ans : B.**

**11. An "apple of discord" means-**
A. a beautiful object. B. an object of dispute.
C. a favourite thing. D. a delicious fruit.

ব্যাখ্যা:

| | |
|---|---|
| Apple of discord | বিবাদের বিষয় |
| Object of dispute | |
| Bone of contention | |
| Seed of dissension | |

**Ans : B.**

**12. The noun of 'predict' is _______.**
A. predictable B. predicting
C. prediction D. predicted

ব্যাখ্যা: Predict - Verb - ভবিষ্যদ্বানী করা
Prediction - Noun Predictable - Adjective
**Synonym** - Forecast, Foresee, Foretell, Prophesy, Project
**Ans : C.**

**13. Iron _______ for weapons and tools in the Bronze Age.**
A. is generally used B. used
C. generally used D. was generally used

ব্যাখ্যা: যেহেতু Bronze Age দেয়া আছে তাই এটি Past tense এ হবে। অন্যদিকে Iron যেহেতু ব্যবহার করা হত অর্থাৎ Iron নিজে নিজেকে ব্যবহার করতে পারে না, তাই এটি Passive Voice হবে।
**Ans : D.**

**14. A snake can eat and digest animals much largest than____**
A. it B. itself
C. its D. it has

ব্যাখ্যা: Snake তার নিজের চাইতে বড় প্রাণীকে Eat এবং Digest করতে পারে না। নিজেই নিজের কোন বিষয় বা কাজ বুঝাতে Reflixive Pronoun হবে।
যেমন : Itself, Himself, Herself, Themselves, Yourself, Myself- এগুলোকে Reflexive Pronoun বলে।
**Ans : B.**

**15. Of the two boys, Latif is _______ intelligent.**
A. most B. more. C. as D. far

ব্যাখ্যা: দুইজনের মধ্যে তুলনা বুঝাতে Comparative form ব্যবহৃত হয়।
**Ans : B.**

**16. They have tried but failed, _______ ?**
A. haven't they B. aren't they
C. don't they D. didn't they

ব্যাখ্যা: এটি একটি Affirmative Sentence তাই Negative tag হিসাবে haven't they বসবে ব্যবহৃত হয়।
**Ans : A.**

**17. _____ of his obstinacy, we could not reach any conclusion.**
A. Full B. Much
C. Great deal D. Because

ব্যাখ্যা: তার একগুয়েমির (obstinacy) কারণে, আমরা Conclusion এ পৌছতে পারলাম না। কারণ বুঝাতে Simple Sentence এ Because of ব্যবহৃত হয়। তাছাড়া Because of এর পর Noun Phrase ব্যবহৃত হয়।
**Ans : D.**

**18. My broken ankle is _______ me.**
A. paining B. aching
C. hurting D. wounding

ব্যাখ্যা: সাধারণ ব্যাথা বোঝাতে - Pain, আহত হয়ে ব্যাথা বোঝাতে - Hurt স্বল্প / কম ব্যাথা বোঝাতে - Ache, যুদ্ধাহত হয়ে ব্যাথা বোঝাতে - Wound, এখানে আহত ভাঙ্গা পা এর ব্যাথা পাওয়া অর্থে hurting হবে।
**Ans : C.**

**19. You may _______ culture shock by getting _______ to the new way of life.**
A. Overcome, accustomed B. feel, used
C. get. expose D. need, familiar

ব্যাখ্যা: Cultural shock overcome করা যাবে নতুন জীবন পদ্ধতির সাথে অভ্যস্ত (accustomed) হয়ে গেলে।
**Ans : A.**

**20. Choose the correct spelling.**
A. Inaccessibility B. Inaccissibility
C. Inaccesebility D. Inaccessiblity

ব্যাখ্যা: Inaccessibility - (noun) - অগম্যতা
Inaccessible - adj
**Synonym :** Isolated, Obscure, Remote, Unapproachable, Unattainable
**Antonym :** Accessible
**Ans : D.**

**21. The word 'ingenious' means**
A. deceptive B. skillful
C. simple D. complicated

ব্যাখ্যা: Ingenious - adj - বিচক্ষণ
**Synonym :** Skillful, Clever, Crafty, Imaginative, Intricate.
**Antonym :** Clumsy, Unimaginative
**Ans : B.**

**22. The synonym of 'commemorate' is _______**
A. overlook B. memorize C. observe D. assert

ব্যাখ্যা: Commemorate - Verb - উদযাপন করা
**Synonym :** Observe, Celebrate, Honour, Immortalise, Memorialise Remember, Solemnise.
**Antonym :** Forget, Miss, Break
**Ans : C.**

**23. The antonym of 'assail' is _______.**
A. attack B. befriend C. prevail D. fly

ব্যাখ্যা: Assail - প্রচন্ড গতিতে আঘাত হানা
**Synonym :** Attack, Abuse, Assault, Blame, Censure Criticise, Strike, Denounce
**Antonym :** Defend, Protect
**Ans : B.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**24. Choose the appropriate translation of আমি তোমার জায়গায় হলে ঝুঁকিটা নিতাম না।** Translation

A. Was I you I would not take the risk.
B. If I were you I could not have taken the risk.
C. If I was you. I would not take the risk.
D. If I were in your shoes, I would not have taken the risk.

ব্যাখ্যা: Conditional sentence প্রধানত তিন প্রকার:-
**1st Conditional :** If + present Tense + will/can/may + verb (base)
**Ex :** If Mita comes, I will go.
তবে এক্ষেত্রে ব্যতিক্রম হল, যদি কোন Habitual fact, Universal Truth বোঝায়, সেক্ষেত্রে If + sub+simple present হবে।
**Ex :** If I drink coffee, I get a headache.
**2nd Conditional :** If + past + would/could/ might + v (base)
**Ex :** If she ate sweets, she would lose weight.
ব্যতিক্রম হল 2nd conditional এ be verb এর ক্ষেত্রে কখনও was বসেনা। সব ধরনের person এর সাথে were বসে।
**Ex :** If I were a bird, I would fly in the sky.
**3rd Conditional :**
If + past perfect + would have/ could have/might have+ Verb (p.p)
**Ex :** If I had known you were comming, I would have gone to the station.
If ছাড়াও conditional sentence গঠিত হতে পারে, এক্ষেত্রে If যুক্ত অংশ question order এ পরিনত হয়ে যায়, অর্থাৎ আগে verb এবং এর পরে subject বসে, এতে অর্থের কোন পরিবর্তন হবে না।
**Ex :** Had he known anything, he would have told me.
**Ans : D.**

**25. In "Jerry" the writer says that when she gave Jerry some candy and apples he-**

A. thanked her. B. smiled in gratitude
C. just looked at her D. did some extra work

ব্যাখ্যা: Writer Jerry কে উদ্দেশ্য করে বলেছিলেন- When I tried to return his thought fulness with Such things as candy and apples .......... He only looked at the gift and at me.
অর্থাৎ Jerry Writer এর দিকে এবং gift এর দিকে তাকিয়ে থাকতো।
**Ans : C.**

Completing Sentence

## বাংলা

**১. কর্মধারয় সমাস কোনটি?**

ক. দেশত্যাগ খ. হতশ্রী
গ. অনুদান ঘ. ভদ্রমহিলা

ব্যাখ্যা: "সমাস" ব্যাকরণের একটি গুরুত্বপূর্ণ এবং বিশাল অংশ। আমরা শুধু মাত্র গুরুত্বপূর্ণ অংশগুলো আলোচনা করেছি। তারপরও বিস্তারিত জেনে নেওয়া উচিত।

### দ্বন্দ্ব সমাস

**বিশেষ বৈশিষ্ট্যাবলি-**
১. পূর্ব পদ ও পরপদ একই বিভক্তি যুক্ত হয় এবং উভয় পদের অর্থের প্রধান্য থাকে। যেমন: রাস্তা ও ঘাট = রাস্তা ঘাট, এরূপ হাটবাজার, নয় ছয় ইত্যাদি।
২. পদ দুটি

| গঠন | উদাহরণ |
|---|---|
| বিশেষ্য+বিশেষ্য | আদব কায়দা, পথঘাট, হাত-পা |
| বিশেষণ+বিশেষণ | ভালমন্দ, চেনা-অচেনা, হাঁসি-কান্না |
| ক্রিয়াবিশেষ্য+ক্রিয়াবিশেষ্য | আসা যাওয়া, ওঠা বসা, লেখাপড়া |

৩. ব্যাসবাক্যের পূর্বপদ ও পরপদ এ 'এবং, ও, আর' এ তিনটি অব্যয় পদ দ্বারা যুক্ত হয়, যেমন: মাতা পিতা; আসল ও নকল ইত্যাদি

### দ্বিগু সমাস

**বিশেষ বৈশিষ্ট্যাবলী:-**
১. পরপদের অর্থের প্রাধান্য থাকে যেমন; চৌ রাস্তার মিলন-চৌরাস্তা। এখানে মূলত পরপদ (রাস্তা) কে বোঝাচ্ছে, যার চার দিকেই রাস্তা আছে
২. প্রথম পদটি সংখ্যাবাচক এবং পরপদটি বিশেষ্য হয়
যেমন: তে (তিন) মাথার সমাহার=তে মাথা, নব (নয়) রত্নের সমাহার= নবরত্ন ইত্যাদি।
৩. দ্বিগু সমাসে সর্বদা সমষ্টি বা সমাহার বোঝায়। যেমন: শত অব্দের সমাহার-শতাব্দী; ত্রিফলের সমাহার-ত্রিফলা।

### কর্মধারয় সমাস

**বিশেষ বৈশিষ্ট্যাবলী:-**
১. সমস্তপদে পরপদের অর্থের প্রাধান্য থাকে এবং প্রথম পদটি দ্বিতীয় পদটির বিশেষণ রূপে অবস্থান করে। যেমন:- নীল যে পদ্ম=নীলপদ্ম, এখানে প্রথম পদ নীল এবং পর পদ পদ্ম। এখানে ১ম অংশ 'নীল' রং কেই বোঝানো হচ্ছে না বরং দ্বিতীয় অংশকে বোঝানো হচ্ছে, আবার পদ্ম শব্দটির বিশেষণ হিসেবেও নীল শব্দটি ব্যবহৃত হচ্ছে
২. ব্যাসবাক্যের মাঝে যে বা যিনি থাকে, যেমন: কাঁচা যে কলা=কাঁচাকলা
৩. পূর্বপদ ও পরপদ নিচের কোন না কোনটির মত হয়ে থাকে

| গঠন | উদাহরণ |
|---|---|
| ক. বিশেষণ+বিশেষ্য | খাসমহল, কাঁচকলা |
| খ. বিশেষণ+বিশেষন | চালাকচতুর, নীললোহিত |
| গ. বিশেষ্য+বিশেষন | ঘনশ্যাম, গোলাপলাল |
| ঘ. বিশেষ্য+বিশেষ্য | খাঁন সাহেব, ঠাকুরমশাই, গোলাপফুল |

৪. ব্যাসবাক্যে মধ্যপদ লোপ পেলে মধ্যপদলোপী কর্মধারয় সমাস হবে। উদাহরণ: স্মৃতি রক্ষার্থে সৌধ = স্মৃতি সৌধ, এরূপ, হাতঘড়ি, স্বর্ণমন্দির, সিংহাসন, অষ্টাদশ ইত্যাদি।
৫. উপমান - যার সাথে তুলনা দেয়া হয়
উপমেয় - যাকে তুলনা দেয়া হয়
সাধারণ ধর্ম - যে গুনের তুলনা দেয়া হয়

| উপমান | উপমিত |
|---|---|
| উপমান+সাধারণ ধর্ম | উপমান+উপমেয় |
| বিশেষ্য+বিশেষণ | বিশেষ্য+বিশেষ্য |
| উদা: তুষারশুভ্র, মিশকালো, অরুনরাঙা, কুসুমকোমল | উদা:- চন্দ্রমুখ, পুরুষ সিংহ, নরসিংহ ইত্যাদি |

৬. রূপক কর্মধারয় সমাস - উপমেয়ের মধ্যে অভিন্নতা বোঝাতে রূপক কর্মধারয় সমাস বসে।
যেমন - ক্রোধ রূপ অনল - ক্রোধানল এরূপ - কালসাপ, দিলদরিয়া, যৌবনসূর্য ইত্যাদি।
অনুরূপভাবে - ভদ্র যে মহিলা- ভদ্রমহিলা- কর্মধারয় সমাস।

### তৎপুরুষ সমাস

**বিশেষ বৈশিষ্ট্যাবলি-**
১. পরপদের অর্থের প্রাধান্য থাকে এবং পূর্বপদ থেকে বিভক্তি চিহ্ন লোপ পেয়ে যে সমাস হয় তা তৎপুরুষ সমাস।
যেমন: বিপদকে আপন্ন=বিপদাপন্ন; এখানে ১ম পদ 'বিপদ' কে বোঝানো হয়নি বরং বিপদে যে ব্যক্তি আপন্ন হয়েছে সে ব্যক্তিকে বোঝানো হয়েছে এবং এক্ষেত্রে পরপদের অর্থ প্রাধান্য পেয়েছে। এছাড়াও যেহেতু পূর্বপদ থেকে দ্বিতীয়া বিভক্তি লোপ পেয়েছে তাই এটি দ্বিতীয়া তৎপুরুষ সমাস।
২. ব্যাস বাক্যে 'ব্যাপিয়া' থাকলে ২য়া তৎপুরুষ সমাস। যেমন:- চিরকাল ব্যাপিয়া সুখী-চিরসুখী, এরূপ- ক্ষণস্থায়ী, জীবনানন্দ।
৩. ব্যাস বাক্যে 'জন্য বা নিমিত্ত' থাকলে ৪র্থী তৎপুরুষ সমাস হয়।
যেমন: বিয়ের জন্য পাগল-বিয়েপাগল, এরূপ: বসতবাড়ি, আরামকেদারা
৪. উপপদ তৎপুরুষ সমাস: গৃহস্থ, পঙ্কজ, ছেলেধরা, পাকেটমার, ধামাধরা ইত্যাদি।
৫. নঞ তৎপুরুষ সমাস: ব্যাস বাক্যের শুরুতে ন, নয়, নেই ইত্যাদির যে কোন একটি থাকলে এবং শেষে 'যে বা যার' না থাকলে নঞ তৎপুরুষ সমাস। যেমন: নয় ক্ষয় = অক্ষয় এরূপ-অনেক, অনুচিত।

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

৬. অলুক তৎপুরুষ সমাস:- গায়ে পড়া, ঘিয়ে ভাজা, কলের গান।
কিন্তু:- গায়ে হলুদ, হাতে খড়ি ইত্যাদি অলুক বহুব্রীহি সমাস

### বহুব্রীহি সমাস

বিশেষ বৈশিষ্ট্যাবলী-
১. সমস্যমান পদগুলো না বুঝিয়ে অন্য পদকে বোঝালে তা বহুব্রীহি সমাস যেমন, নীলকণ্ঠ = নীল (বিষ) কণ্ঠে যার। এই শব্দ নীল বা কণ্ঠ কোনটাই প্রধান বক্তব্য নয়, এখানে অন্য কাউকে বোঝাচ্ছে, অর্থাৎ- এক্ষেত্রে শিবকে বোঝাচ্ছে। কারন বিষ পানে শিব এর কণ্ঠই নীল হয়ে গিয়েছিল।
২. গুরুত্বপূর্ণ কয়েক প্রকার বহুব্রীহি সমাসের উদাহরণ-
ক. ব্যতিহার বহুব্রীহি:- ক্রিয়ার পারস্পরিক অর্থে ব্যতিহার বহুব্রীহি। যেমন: হাতাহাতি, কানাকানি, হাসাহাসি, কোলাকুলি ইত্যাদি।
খ. নঞ বহুব্রীহি:- শুরুতে ন, নয়, নেই ইত্যাদির যে কোন একটি থাকে এবং শেষে যে বা যার থাকলে নঞ বহুব্রীহি সমাস হয়। যেমন: নাই ঈমান যার- বেঈমান, এরূপ নির্ভুল, নিরুপায়।
গ. সংখ্যাবাচক বহুব্রীহি:- পূর্বপদ সংখ্যাবাচক পরপদ বিশেষ্য হলে সমস্তপদটি বিশেষণ বোঝালে তা সংখ্যাবাচক বহুব্রীহি যেমন:- চৌ (চার) চাল যার- চৌচালা এরূপ দশগজি, তেপায়া
৩. সাধারণত শেষে 'যে বা যার' ব্যবহৃত হয়। যেমন:- হত হয়েছে শ্রী যার-হতশ্রী

### অব্যয়ীভাব সমাস

বিশেষ বৈশিষ্ট্যাবলী:
১. পূর্ব পদে থাকা অব্যয়ের অর্থ প্রাধান্য পায়। এ সমাসের ব্যাসবাক্যে অব্যয় থাকে না কিন্তু সমস্তপদে থাকে। যেমন - জানু পর্যন্ত লম্বিত = আজানু লম্বিত। এরূপ: আজন্ম, দুর্ভিক্ষ
২. যেহেতু উপসর্গ এক প্রকারের অব্যয় তাই উপসর্গ যোগে সব শব্দই অব্যয়ীভাব সমাস: যেমন: আমরণ, এরূপ, উপকূল, প্রতিদিন
৩. এছাড়া ব্যাসবাক্যের শেষে, সমীপে, অভাব, পর্যন্ত, সাদৃশ্য, অনতিক্রম্যতা, বিরোধ অতিক্রান্ত, পশ্চাৎ, ইত্যাদি থাকে, যেমন: বেলাকে অতিক্রান্ত-উদ্বেল
নিত্য সমাস ঃ আমরা, গ্রামান্তর, দর্শনমাত্র, কালসাপ।
সঠিক উত্তর : ঘ.

২. কোন্ শব্দটি দেশী?
ক. মরিচ খ. আচার গ. ঝোল ঘ. হালুয়া

ব্যাখ্যা: বাংলা ভাষায় ব্যবহৃত গুরুত্বপূর্ণ কিছু দেশী শব্দ- ঝাল, ঝোল, পেট, পয়লা, লাঠি, মই, আড্ডা, দাবা, বাদুড়, মুড়ি, কুড়ি, বাতাসা, লাউ, সেঁউতি, দরজা, ঝাটা, খেকশিয়াল, চিমটা, আলু, কুলা, মাঠ, চাটাই, গঞ্জ, ঢেঁকি, বাদুড়, হাঁড়ি ইত্যাদি।
সঠিক উত্তর : গ.

৩. রূপক কবিতায় বাইরের অর্থ হচ্ছে-
ক. ভাবার্থ খ. বাচ্যার্থ গ. নিহিতার্থ ঘ. তাৎপর্য

ব্যাখ্যা: • কবি যখন তার বিশেষ ভাব বা তত্ত্বকে সরাসরি প্রকাশ না করে অন্য কোন বাহ্যিক ঘটনা, চিত্র ইত্যাদির আড়ালে রেখে সমান্তরালভাবে ব্যঞ্জিত করে থাকেন। তখন তাকে রূপক কবিতা বলে।
• রূপকের ইংরেজী নাম- Allegory গ্রিক ভাষায় এর অর্থ- অন্য কিছুকে বোঝাচ্ছে।
• রূপক কবিতায় ভাববস্তুর দুটো দিক থাকে।
• একটি হল আপাতদৃষ্ট ভাববস্তু, অন্যটি হল অন্তর্নিহিত সমান্তরাল ভাববস্তু, অর্থাৎ রূপকের বাইরের অর্থ হচ্ছে বাচ্যার্থ আর অন্তর্নিহিত অর্থ হল নিহিতার্থ।
সঠিক উত্তর : খ.

৪. বিসর্গের ধ্বনি কখন শোনা যায়?
ক. সংযোজক অব্যয়ে খ. বিয়োজক অব্যয়ে
গ. বিস্ময়সূচক অব্যয়ে ঘ. পদের মধ্যে বিসর্গ থাকলে

ব্যাখ্যা: বিসর্গ (ঃ) একটি পরাশ্রয়ী বর্ণ।
• অঘোষ হ ধ্বনির বর্ণরূপ হল- (ঃ) বিসর্গ
• বিস্ময় সূচক অব্যয়ে বিসর্গ ধ্বনি পাওয়া যায়।
যেমন- উ ঃ! বড্ড আঘাত পেয়েছি। নাঃ! আর পারি না।
সঠিক উত্তর : গ.

৫. বসন্তের প্রতি কবি বিমুখ কেন?
ক. বরণের আগে বসন্ত এসেছে বলে
খ. শীত কবির প্রিয় বলে
গ. বন্দনাগীতি রচিত হয়নি বলে
ঘ. রিক্ত শীতের করুণ বিদায়কে ভোলা যাচ্ছে না বলে

ব্যাখ্যা: ১৯৩২ সালে কবির স্বামী সৈয়দ নেহাল হোসেনের আকস্মিক মৃত্যুতে কবির জীবনে প্রচণ্ড শূন্যতা নেমে আসে। কবিমন আচ্ছন্ন হয়ে যায় রিক্ততার হাহাকারে। 'তাহারেই পড়ে মনে' কবিতাকে আচ্ছন্ন করে আছে সেই বিষাদময় রিক্ততার সুর। তাই বসন্ত এলে কবি উদাসীন থাকেন রিক্ত শীতের করুণ বিদায়ের বেদনায়।
সঠিক উত্তর : ঘ.

৬. Corrigendum - এর বাংলা পরিভাষা-
ক. শুদ্ধিপত্র খ. অনুরোধপত্র
গ. পুনঃবিজ্ঞাপন ঘ. পুনর্বিন্যাস

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু পারিভাষিক শব্দ-

| | |
|---|---|
| Ad-hoc - তদর্থক | Alternate - একান্তর |
| Aesthetics - নন্দনতত্ত্ব | Amalgamation - সংমিশ্রণ |
| Affidavit - হলফনামা | Arsenal - অস্ত্রাগার |
| Allegation - অভিযোগ | Ambiguous - অস্পষ্ট |
| Almance - পঞ্জিকা | Corrigendum - শুদ্ধিপত্র/সংশোধন পত্র |

সঠিক উত্তর : ক.

৭. 'জাগরূক' শব্দটি ধাতু ও প্রত্যয়যোগে সৃষ্ট হয়েছে এভাবে-
ক. জাগ + রূক খ. জাগৃ + উক
গ. জাগ্র + উক ঘ. জাগর + উক

ব্যাখ্যা: √ জাগৃ + উক (উকঞ) = জাগরূক,
একইরূপ আরো কিছু প্রকৃত ও প্রত্যয়-
√ মিশ্ + উক = মিশুক; √ নিন্দ্ + উক = নিন্দুক
√ লাজ্ + উক = লাজুক; √ খা + উকা = খোকা
সঠিক উত্তর : খ.

৮. 'অর্ধাঙ্গী' প্রবন্ধ অনুসারে স্বামী যখন পৃথিবী ও সূর্যের দূরত্ব মাপেন, স্ত্রী তখন-
ক. চাল মাপেন খ. বালিশের ওয়াড় মাপেন
গ. শিশুর উচ্চাতা মাপেন ঘ. রন্ধনশালায় থাকেন

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : খ.

৯. কোনটি ভিন্নধর্মী?
ক. উদ্ভাস খ. প্রদ্যোত
গ. ময়ূখ ঘ. শর্বর

ব্যাখ্যা: আলো- রশ্মি, কর, জ্যোতি, উদ্ভাস, ময়ূখ, ঔজ্জ্বল্য, প্রদ্যোত, জেল্লা, ভাতি, প্রভা।
অন্ধকার- যামিকা, শর্বর, বিভাবরী, নিশুতি, ত্রিযামা, অসুরা, বিভাবরী, যামী, রজনী, নিঃসম্পাত, অমা।
সঠিক উত্তর : ঘ.

১০. 'চমকে উঠে উভয়েই তাকালাম ওর দিকে।' - বাক্যটির রচয়িতা-
ক. আবু জাফর শামসুদ্দিন খ. জহির রায়হান
গ. সৈয়দ ওয়ালীউল্লাহ্ ঘ. হুমায়ূন আহমেদ

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : খ.

১১. নিচের কোন্ যুক্তবর্ণে চারটি বর্ণের সংযোগ ঘটেছে?
ক. ন্ত্র্য খ. ক্ষ্ম গ. ঙ্ক্ষ ঘ. ন্ত্য

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু যুক্তবর্ণ-

| | |
|---|---|
| ক্ + ষ + ণ = ক্ষ্ণ | ক্ + ষ + ম = ক্ষ্ম |
| ক্ + ষ + য = ক্ষ্য | ঙ্ + ক + য = ঙ্ক্য |
| ঙ্ + ক + ষ = ঙ্ক্ষ | ন্ + ত + য = ন্ত্য |
| ন্ + ত + র = ন্ত্র | ন্ + ত + র + য = ন্ত্র্য |
| ষ্ + ক + র = ষ্ক্র | স্ + ক + র = স্ক্র |

সঠিক উত্তর : ক.

১২. কোনটি বহুবচনজ্ঞাপক শব্দের দৃষ্টান্ত নয়?
ক. গ্রাম খ. মহল গ. দাম ঘ. ক্ষেত্র

ব্যাখ্যা: এক বচন জ্ঞাপক শব্দ- টা, টি, খানা, খানি, গাছা, গাছি ইত্যাদি।
বহুবচন জ্ঞাপক শব্দ- আবলি, গণ, গুচ্ছ, গ্রাম, চয়, জাল, দাম, নিকর, নিচয়, পুঞ্জ, পাল, বর্গ, বৃন্দ, মন্ডলী, মহল, মালা, উচ্চয়, রাজি, যূথ, সকল, সমূহ
• ক্ষেত্র দ্বারা কোন বহুবচনবাচক শব্দ প্রকাশ হয় না।
সঠিক উত্তর : ঘ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**১৩.** 'কবর' কবিতায় বৃদ্ধ তাঁর কোন্ আত্মীয়কে সোনালি ঊষার সোনামুখের সঙ্গে তুলনা করেছেন?
ক. স্ত্রীকে খ. পুত্রবধূকে
গ. কন্যাকে ঘ. নাতনীকে

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : ক.

**১৪.** 'শৌখিন' শব্দের বিপরীতার্থক শব্দ-
ক. কুশলী খ. নোংরা গ. পেশাদার ঘ. দুর্জন

ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু বিপরীত শব্দ-

| | | | |
|---|---|---|---|
| ক্ষীয়মান | বর্ধমান | মনীষা | নির্বোধ |
| সংশয় | প্রত্যয় | হর্ষ | বিষাদ |
| প্রাচী | প্রতীচী | অনাবিল | আবিল |
| অনুগ্রহ | নিগ্রহ | চপল | গম্ভীর |
| উচাটন | প্রশান্ত | শৌখিন | পেশাদার |

সঠিক উত্তর : গ.

**১৫.** You should accept this job to cut your teeth on. - এ বাক্যের বঙ্গানুবাদ কোনটি?
ক. খেয়ে-পরে বাঁচার জন্য তোমার চাকরিটি নেওয়া উচিত
খ. অভিজ্ঞতা লাভের জন্য তোমার চাকরিটি নেওয়া উচিত
গ. সম্মান বাঁচানোর জন্য তোমার চাকরিটি নেওয়া উচিত
ঘ. উন্নতির জন্য তোমার চাকরিটি নেওয়া উচিত

ব্যাখ্যা: You should accept this job to cut your teeth on - অভিজ্ঞতা লাভের জন্য তোমার চাকরি নেওয়া উচিত।
Ring up the curtain - মশারিটা খাটাও।
The man talks garrulously - লোকটি চোখে মুখে কথা বলে।
The train has been railed - ট্রেনটি ঠিকমত চলছে।
The cloth has fast colour - কাপড়টির রং পাকা।
সঠিক উত্তর : খ.

**১৬.** 'উলঙ্গ বালব্ - এর আলোয় তার সযত্নে মেছোয়াক করা দাঁত ঝকঝক করে।' - এ-কথা কার দাঁত সম্পর্কে বলা হয়েছে?
ক. মোদাব্বেরের খ. এনায়েতের
গ. ইউনুসের ঘ. মতিনের

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : ক.

**১৭.** 'সে না এলে তুমি যাবে না, সে বলে পাঠিয়েছে যে তার আসতে দেরি হবে।' - কোন্ ধরনের বাক্য?
ক. মিশ্র বাক্য খ. জটিল বাক্য
গ. সরল বাক্য ঘ. যৌগিক বাক্য

ব্যাখ্যা: •জটিল বা মিশ্র বাক্য চিনার সহজ উপায় হল-
বাক্যে সব সময় সাপেক্ষ সর্বনাম ও নিত্যসম্বন্ধীয় অব্যয় যোগ করা হয়।
যেমন:
সাপেক্ষ সর্বনাম: যে.....সে, যা.....তা, যিনি.....তিনি, যদি.....তবে, যাঁরা.....তাঁরা ইত্যাদি
নিত্যসম্বন্ধীয় অব্যয়:- যখন....তখন, যেমন.....তেমন ইত্যাদি
•যৌগিক বাক্য চিনার সহজ উপায় হল-
দুই বা ততোধিক খন্ডবাক্য সংযোজক, সংকোচক, বিয়োজক ইত্যাদি প্রকারের অব্যয় দ্বারা যুক্ত থাকে। যেমন:- কিন্তু, কিংবা, বরং, বা, অথবা, যদিও, এবং, নতুবা, নচেৎ, তথাপি, সুতরাং ইত্যাদি।
•আর উপরের বৈশিষ্ট্যগুলোর কোনটিই না থাকলে এবং বাক্যের মধ্যে একটি কর্তা ও একটি সমাপিকা ক্রিয়া থাকলে তাহলে তা সরল বাক্য।
যেমন - পাখিরা আকাশে উড়ে, শিশুটি হাসছে।
সঠিক উত্তর : ঘ.

**১৮.** 'কাজটা ভাল দেখায় না।' - কোন্ বাচ্যের উদাহরণ?
ক. কর্মকর্তৃবাচ্য খ. কর্তৃবাচ্য
গ. কর্মবাচ্য ঘ. ভাববাচ্য

ব্যাখ্যা: বাচ্য প্রধানত তিন প্রকার, যথা:
•কতৃবাচ্য : যে বাচ্যে কর্তাই মুখ্য, ক্রিয়া কর্তার অনুসারী, তাই কতৃবাচ্য।
উদাহরণ : ছাত্ররা অঙ্ক করছে; শিক্ষক ছাত্রদের পড়ান;
•কর্মবাচ্য : যে বাচ্যে কর্মের প্রাধান্য থাকে, ক্রিয়া কর্মের অনুসারী তাই কর্মবাচ্য।
উদাহরণ : শিকরী কতৃক বাঘ নিহত হয়েছে। চোরটি ধরা পড়েছে।
আসামিকে জরিমানা করা হয়েছে।
•ভাববাচ্য: যে বাচ্যে কর্ম থাকে না এবং ক্রিয়ার অর্থই বিশেষভাবে ব্যক্ত হয় তাই ভাববাচ্য
উদাহরণ : এ পথে চলা যায় না; কোথা থেকে আসা হচ্ছে; এ রাস্তা আমার চেনা নেই।
•কর্ম-কতৃ বাচ্য: এ বাক্যে কর্মপদই কতৃস্থানীয় হয়ে বাক্য গঠন করে।
উদাহরণ: কাজটা ভাল দেখায় না; বাঁশি বাজে এ মধুর লগনে; সুতি কাপড় অনেক দিন টিকে।
সঠিক উত্তর : ক.

**১৯.** 'সমাগত সুধীজনকে সাদর সম্ভাষণ ও অভিনন্দন জানানো হল।'- বাক্যটিতে উপসর্গের সংখ্যা-
ক. চার খ. পাঁচ গ. ছয় ঘ. সাত

ব্যাখ্যা: বাক্যটিতে উপসর্গ সংখ্যা হল- ৬টি।
যথা : সম্ ; আ ; সু ; সা ; সম্ ; অভি।
সঠিক উত্তর : গ.

**২০.** 'সাহিত্যে খেলা' প্রবন্ধে প্রমথ চৌধুরী কোন কথাটি বলেননি?
ক. শিক্ষকের হাতে শিক্ষার জন্ম
খ. কাব্যরস লোকে সানন্দে পান করে
গ. শিক্ষার উদ্দেশ্য মানুষের মনকে জাগানো
ঘ. কবির মনের পরিপূর্ণতা থেকে সাহিত্যের উৎপত্তি

ব্যাখ্যা: বর্তমান পাঠ্যক্রমভুক্ত নয়।
সঠিক উত্তর : ক.

**২১.** আঠার বছর বয়স বাঁচে-
ক. বিপদের মুখে খ. দুর্যোগ আর ঝড়ে
গ. শপথের কোলাহলে ঘ. লক্ষ দীর্ঘশ্বাসে

ব্যাখ্যা: সুকান্ত ভট্টাচার্য রচিত 'আঠারো বছর বয়স' কবিতায় উল্লেখিত লাইনটি এরূপ-

তবু আঠারোর শুনছি জয়ধ্বনি,
এ বয়স বাঁচে দুর্যোগ আর ঝড়ে,
বিপদের মুখে এ বয়স অগ্রণী
এ বয়স তবু নতুন কিছু তো কর।

সঠিক উত্তর : খ.

**২২.** 'চোগা' শব্দটি কোন উৎস থেকে আগত?
ক. তুর্কি খ. ফারসি গ. আরবি ঘ. হিন্দি

ব্যাখ্যা: গুরুত্বপূর্ণ কিছু তুর্কি ভাষার শব্দ- উজবুক, উর্দি, কাবু, কুর্নিশ, খান, খোকা, চারু, ঠাকুর, দারোগা, তোপ, বাবা, বাবুর্চি, মোগল, লাশ, ইত্যাদি।
• চোগা ফারসি শব্দ।
সঠিক উত্তর : খ.

**২৩.** 'পামপট্টি' দেওয়া- বাগ্বিধিটি বোঝায়-
ক. আশ্বাস দেওয়া খ. খুশি করা গ. চাটুকারিতা করা ঘ. ফুঁ দেওয়া

ব্যাখ্যা: ঢাকের কাঁঠি, খয়ের খাঁ, আমড়াগাছি করা, আকাশে তোলা, পামপট্টি দেওয়া, এই সব গুলোর অর্থ একই তোষামোদ করা বা চাটুকারিতা করা।
সঠিক উত্তর : গ.

**২৪.** অতিরিক্ত কথা বলার ভাবজ্ঞাপক দ্বিরুক্তি-
ক. চড়চড় খ. গড়গড় গ. ফড়ফড় ঘ. হড়হড়

সঠিক উত্তর : গ.

**২৫.** দুটি পরস্পরবিরুদ্ধ ও কলহপ্রিয় পক্ষের মধ্যস্থ করিতে হলে নিরপেক্ষ হওয়া শ্রেয়ো। - চলিত রীতির বাক্যটিতে ভুলের সংখ্যা-
ক. চার খ. পাঁচ খ. ছয় ঘ. সাত

সঠিক উত্তর : গ.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

## সাধারণ জ্ঞান

১. প্রস্তাবিত রামপাল বিদ্যুৎকেন্দ্র কোন্ জেলায়?
ক. বাগেরহাটে খ. খুলনায়
গ. সাতক্ষীরায় ঘ. পটুয়াখালিতে

ব্যাখ্যা: রামপাল বিদ্যুৎ কেন্দ্রের-
- অবস্থান - বাগেরহাট জেলার রামপাল উপজেলার
- উৎপাদন ক্ষমতা - ১৩২০ মেগাওয়াট
- প্রাথমিক জ্বালানী - কয়লা

সঠিক উত্তর : ক.

২. বাংলাদেশের আসন্ন সংসদ নির্বাচন কততম?
ক. ৭ম খ. ৮ম গ. ৯ম ঘ. ১০ম

ব্যাখ্যা: • বাংলাদেশের প্রথম সংসদ নির্বাচন হয় - ৭ মার্চ, ১৯৭৩।
- নবম জাতীয় সংসদ নির্বাচন হয় -২৯ ডিসেম্বর, ২০০৮।
- দশম জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয় - ৫ জানুয়ারি, ২০১৪।
- আসন্ন সংসদ নির্বাচন হবে ১১তম সংসদ নির্বাচন।

সঠিক উত্তর : নাই।

৩. বর্তমান পোপ ফ্রান্সিস কোন্ দেশের নাগরিক?
ক. ব্রাজিল খ. বলিভিয়া
গ. আর্জেন্টিনা ঘ. পেরু

ব্যাখ্যা: • পোপ প্রথম ফ্রান্সিসের প্রকৃত নাম - হোর্হে মারিও বেরগোগলিও।
- জন্ম : ১৭ ডিসেম্বর, ১৯৩৬, বুয়েন্স আয়ারস, আর্জেন্টিনা।
- তিনি ২৬৬ তম পোপ, নির্বাচিত হন - ১৩ মার্চ, ২০১৩।
- ইউরোপের বাইরে লাতিন আমেরিকা থেকে তিনিই প্রথম নির্বাচিত পোপ।
- ইতালিয় সাধক 'ফ্রান্সিস অব আসসিসির' নামানুসারে তিনি প্রথম ফ্রান্সিস উপাধি গ্রহণ করেন।

সঠিক উত্তর : গ.

৪. ভারতে টেলিগ্রাফ কত বছর চালু ছিল?
ক. ১৪৫ বছর খ. ১৫০ বছর
গ. ১৫৫ বছর ঘ. ১৬২ বছর

ব্যাখ্যা:• ১৮৫০ সালে ইষ্ট ইন্ডিয়া কোম্পানী কর্তৃক ভারতে টেলিগ্রাফ ব্যবস্থা চালু হয়।
- স্থানীয়ভাবে এটি তার (tear) নামে পরিচিত।
- দীর্ঘ ১৬২ বছর পর জুন, ২০১৩ সালে এটি স্থায়ীভাবে বন্ধ করে দেয়া হয়।

সঠিক উত্তর : ঘ.

৫. বর্তমানে সবচেয়ে বেশি চলচ্চিত্র তৈরি হচ্ছে-
ক. চীনে খ. জাপানে
গ. ভারতে ঘ. যুক্তরাষ্ট্রে

সঠিক উত্তর : গ.

৬. উপকূল হতে বাংলাদেশের সমুদ্রসীমা-
ক. ১২ নটিক্যাল মাইল খ. ২০০ নটিক্যাল মাইল
গ. ২২০ নটিক্যাল মাইল ঘ. ১২০ নটিক্যাল মাইল

ব্যাখ্যা: • বর্তমানে বাংলাদেশের সমুদ্রসীমা ২০০ নটিক্যাল মাইল।
- বাংলাদেশ-মায়ানমার সমুদ্রসীমা মামলার রায় - ১৪ মার্চ, ২০১২ (ITLOS) কর্তৃক
- বাংলাদেশ - ভারত সমুদ্র সীমা রায় - ৭ জুলাই, ২০১৪ (স্থায়ী সালিশি আদালত, নেদারল্যান্ডস) কর্তৃক।
- বাংলাদেশের মোট সমুদ্রসীমা - ১, ১৮, ৮১৩ বর্গ কি.মি.।
- বাংলাদেশ - ভারত রায়ে বাংলাদেশ লাভ করে - ১৯, ৪৬৭ বর্গ কি.মি.

সঠিক উত্তর : খ.

৭. আধুনিক তুরস্ক, সিরিয়া, ইরান, ইরাক ও কুয়েত - এই রাষ্ট্রগুলো প্রাচীন কোন্ সভ্যতার অংশ?
ক. মিশরীয় সভ্যতা খ. রোমান সভ্যতা
গ. সিন্ধু সভ্যতা ঘ. মেসোপটেমিয়া সভ্যতা

ব্যাখ্যা: • মেসোপটেমিয় সভ্যতা পৃথিবীর সবচেয়ে প্রাচীন সভ্যতা।
- মেসোপটেমিয় কথাটির অর্থ - দুই নদীর মধ্যবর্তী অঞ্চল।
- ইউফ্রেটিস ও টাইগ্রিস (দজলা ও ফোরাত) নদীকে ঘিরে এই সভ্যতা গড়ে উঠেছিল।
- বর্তমান তুরস্ক, সিরিয়া, ইরান, ইরাক, কুয়েত প্রভৃতি রাষ্ট্র নিয়ে এ সভ্যতা গড়ে ওঠে।

সঠিক উত্তর : ঘ.

৮. ২০১৩ সালকে জাতিসংঘ ঘোষণা করেছে-
ক. ক্ষুদ্র ঋণ বর্ষ খ. পানি সহযোগিতা বর্ষ
গ. বন বর্ষ ঘ. ভাষা বর্ষ

ব্যাখ্যা: জাতিসংঘ ২০১৬ সালকে International year of Pulse ঘোষণা করেছে।

সঠিক উত্তর : খ.

৯. 'রয়টার্স' যে দেশের সংবাদসংস্থা-
ক. ফ্রান্স খ. পোল্যান্ড গ. ব্রিটেন ঘ. জার্মানি

ব্যাখ্যা: বিশ্বের বিভিন্ন দেশের সংবাদ সংস্থার নাম-

| দেশ | সংবাদ সংস্থা | দেশ | সংবাদ সংস্থা |
|---|---|---|---|
| ব্রিটেন | রয়টার্স, PA, BBC - NEWS | ফ্রান্স | AFP |
| রাশিয়া | তাস, ইন্টারফ্যাক্স, ইতার, রিয়া | ইন্দোনেশিয়া | আনতারা (Antara) |
| যুক্তরাষ্ট্র | AP, CNN (Cable News Network) | দ. কোরিয়া | Yonhap |
| চীন | Xinhua (জিনহুয়া) News Agency | ইরান | IRNA |
| সৌদি আরব | SPA (Saudia Press Agency) | পাকিস্তান | APP, PPI |
| ভারত | PTI, United News of India | মালয়েশিয়া | Bernama (বারনামা) |
| ইসরাইল | Jewish Telegraphic Agency | বাংলাদেশ | বাসস, BNA, UNB |

সঠিক উত্তর : গ.

১০. 'এ্যাপেক' কী?
ক. এ্যালাইড পিস-কিপিং কাউন্সিল
খ. এশিয়ান পাওয়ার এক্সচেঞ্জ করপোরেশন
গ. এশিয়া প্যাসিফিক ইকোনমিক কোঅপারেশন
ঘ. কোনোটিই নয়

ব্যাখ্যা: বিশ্বের উল্লেখযোগ্য কয়েকটি সংস্থার পূর্ণরূপ -
OIC - Oraganization of Islamie Conference
IMF - International Monetary Fund.
ICJ - International Court of Justice
ICC - International Criminal Court
International Cricket Council
NAM - Non- Aligned Movement.
